দৈনিক সংবাদ

তারিখ 28 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 1



রাষ্ট্রপতির অনুমোদন

# শিক্ষকদের সমস্যা সমাধানে কমিটি গঠন করা হবে

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ দেশের শিক্ষক সম্প্রদায়ের সমস্যা সমাধানে শিক্ষামন্ত্রণালয়ের উদ্যোগে একটি কমিটি গঠনের বিষয়কে অনুমোদন দিয়েছেন। খবর বাসস'র।

গতকাল শনিবার বঙ্গভবনে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাহী কমিটির বৈঠকে শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনার পর তিনি ঐ অনু

(শেষ, পৃ: ৬-এর ক: দ্র:)

রাষ্ট্রপতির অনুমোদন

(১ম পাতার পর)

মোদন দেন। উল্লেখ্য, রাষ্ট্রপতি ফেডারেশনের চেয়ারম্যান।

বৈঠকে ফেডারেশনের ঢাকা নগর কমিটি বিলোপ করে নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়। রাষ্ট্রপতি শিক্ষকদের সমস্যা সমাধানে সরকারের সম্ভাব্য সকল সাহায্যের আশ্বাস দেন।